**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/3/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল জেনেসি ভ্যালি গ্রিনওয়ে স্টেট পার্কের 6.5 মিলিয়ন মার্কিন ডলারের পুনর্বাসনের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

## *প্রকল্পটি রচেস্টার থেকে অ্যাভন পর্যন্ত 17 মাইল ট্রেইল উন্নত করে*

## *র‍্যালফ ডব্লিউ. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের বেসরকারি সমর্থন 90-মাইল বিনোদনমূলক সম্পদ উন্নত করে*

## *ছবিগুলো দেখুন এখানে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে রচেস্টার থেকে অ্যাভন গ্রাম পর্যন্ত জেনেসি ভ্যালি গ্রিনওয়ে (Genesee Valley Greenway, GVG) স্টেট পার্কের উন্নয়ন করতে একটি 6.5 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের কাজ শেষ হয়েছে। গ্রিনওয়ের উত্তর প্রান্তে 17 মাইল দৈর্ঘ্যের পুনর্বাসন সমর্থিত হয়েছে অলাভজনক র‍্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের (Ralph C. Wilson, Jr. Foundation) 2.5 মিলিয়ন মার্কিন ডলার অনুদান এবং সেই সাথে স্টেট ও ফেডারেল তহবিল দ্বারা, ফাউন্ডেশনটি বাফেলো বিলসের (Buffalo Bills) প্রাক্তন মালিক 2014 সালে মারা যাওয়ার পর গঠিত হয়েছে।

"ঐতিহাসিক জেনেসি ভ্যালি গ্রিনওয়ে স্টেট পার্কের এই উন্নয়নকাজগুলি আরো বাসিন্দা এবং বেড়াতে আসা মানুষকে ছবির মতো ট্রেইল, বনভূমি, গিরিখাত, এবং ঐতিহাসিক গ্রামগুলি ঘুরে দেখতে দিবে যা নিউ ইয়র্কে অবশ্যই দেখতে হবে এমন গন্তব্য," **গভর্নর হোকল বলেন।** "প্রয়াত র‍্যালফ সি. উইলসন জুনিয়রের আত্মা এই উদার দাতব্য প্রচেষ্টার মধ্যে দিয়ে জীবিত আছে যা বিনোদনমূলক সুযোগ বিস্তৃত করে এবং পর্যটনকে বলীয়ান করে। আমরা আমাদের সকল অংশীদারের প্রতি কৃতজ্ঞ যারা ওয়েস্টার্ন নিউ ইয়র্কে অন্য সব পথের থেকে ভিন্ন একটি পথ তৈরি করতে সাহায্য করেছে।"

উন্নয়নকাজের মধ্যে রয়েছে নতুন পাথরের ধুলা রিসার্ফেস করা, অবকাঠামো উন্নয়ন এবং রচেস্টারের ব্যালানটাইন রোড থেকে লিভিংস্টোন কাউন্টির অ্যাভন গ্রামের রুট 5 পর্যন্ত সাইনেজ। নতুন বৈশিষ্ট্যগুলিতে ক্যানাল থেকে ঐতিহাসিক পাথরের ব্লক যোগ করা হয়েছে, যার মধ্যে আছে বেঞ্চ, পিকনিক টেবিল, বাইক র‍্যাক, ঘোড়া আটকে রাখার স্থান এবং গেটওয়ে সাইনেজ। উইলসন ফাউন্ডেশনের অনুদানের পাশাপাশি, প্রকল্পটিতে রয়েছে 2.5 মিলিয়ন মার্কিন

ডলার স্টেট পার্কস ক্যাপিটাল (State Parks Capital) তহবিল এবং 1.54 মিলিয়ন মার্কিন ডলার পরিবহন বিকল্প কর্মসূচি (Transportation Alternatives Program) অনুদান যা নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ (New York State Department of Transportation) দ্বারা পরিচালিত হয়।

**নিউ ইয়র্ক স্টেট পার্কসের (New York State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন,** "জেনেসি ভ্যালি গ্রিনওয়ে স্টেট পার্ক সারা বছরের জনগণের জন্য রাস্তার উপর ও রাস্তার বাইরে বিনোদনের সুযোগ প্রদান করে, এবং এই উন্নয়নকাজগুলি সাইকেলচালক ও পথচারীদের স্থানটিকে আগের যেকোনো সময়ের থেকে বেশি নিরাপদ ও স্বাগত করবে। আমরা উইলসন ফাউন্ডেশনের প্রতি কৃতজ্ঞ এইসব উন্নয়নকাজ সমর্থন করার জন্য এবং একইসাথে ফ্রেন্ডস অফ জেনেসি ভ্যালি গ্রিনওয়ে ও তাদের নিরলস প্রচেষ্টার প্রতি কৃতজ্ঞ যা এটিকে বর্তমান রূপে আসা সম্ভব করেছে।"

**জে.জে. টিঘে, র‍্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের পার্ক ও ট্রেইল উদ্যোগের (Parks & Trails Initiative) পরিচালক, বলেন,** "এই প্রকল্পটি ট্রেইলের যাতায়াত উন্নত করবে এবং ট্রেইলের রিসার্ফেসিং ও সাইন উন্নত করার মাধ্যমে ব্যবহারকারীর সার্বিক অভিজ্ঞতা উন্নত করবে এবং একইসাথে এটি যেই সম্প্রদায়গুলিতে অবস্থিত তাদের মধ্যে একটি দীর্ঘস্থায়ী সংযোগ তৈরি করবে। ফ্রেন্ডস অফ জেনেসি ভ্যালি গ্রিনওয়ে (Friends of Genesee Valley Greenway) এবং তাদের অংশীদারগণ জেনেসি ভ্যালি গ্রিনওয়ের প্রতিটি মাইল, ব্রিজ ও অংশ এক এক করে উন্নত করছে। আমরা ফ্রেন্ডস অফ জেনেসি ভ্যালি গ্রিনওয়ে এবং NYS পার্কসকে এই সুন্দর আঞ্চলিক সম্পদ পুনর্বাসনে সমর্থন করতে পেরে আনন্দিত। 17 মাইল দৈর্ঘ্যটির কাজ শেষ হওয়ার ফলে আমরা সম্পূর্ণ 90 মাইল গ্রিনওয়ের অব্যাহত অগ্রগতি দেখতে আগ্রহী যা রচেস্টার সিটি, লেচওয়র্থ স্টেট পার্ক (Letchworth State Park), অ্যালেজেনি স্টেট পার্ক (Allegheny State Park) এবং গ্রিনওয়ে সংলগ্ন সকল সম্প্রদায়কে সংযুক্ত করে।"

**নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন**, "নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগে আমাদের মিশন হলো একটি নিরাপদ, কার্যকর, ভারসাম্যপূর্ণ এবং পরিবেশগতভাবে সুপ্রতিষ্ঠিত একটি পরিবহন ব্যবস্থা প্রদান করা যা সম্প্রদায়সমূহকে সংযুক্ত করবে, জীবনযাত্রার মান উন্নত করবে এবং সকল ব্যবহারকারীর জন্য ব্যবহারের সুযোগ বৃদ্ধি করবে। আমরা জেনেসি ভ্যালি গ্রিনওয়ে স্টেট পার্কের এই উন্নয়নকাজগুলিকে সমর্থন করার জন্য স্টেটের পার্ক, রিক্রিয়েশন এবং হিস্টোরিক প্রিজার্ভেশন অফিসের (State Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP) সাথে অংশীদারিত্ব করে গর্বিত, যা পথচারী ও বাইসাইকেল চালকদের জন্য এই দারুণ বহু ব্যবহারের ট্রেইলটি উপভোগ করা এবং নিউ ইয়র্ক স্টেটের সুন্দরতম অঞ্চলগুলির একটি ঘুরে দেখা সহজতর করবে। "

**স্টেটের সিনেটর প্যাট্রিক গ্যালিভান বলেন,** "নিউ ইয়র্ক স্টেট দেশের সবথেকে সুন্দর কিছু পার্ক ও পার্কল্যান্ড পেয়ে ধন্য হয়েছে। জেনেসি ভ্যালি গ্রিনওয়ে স্টেট পার্কে করা উন্নয়নকাজগুলি বাসিন্দা ও বেড়াতে আসা মানুষ সকলের জন্য বিনোদনমূলক সুযোগ বৃদ্ধি করবে। আমি উইলসন ফাউন্ডেশন এবং ফ্রেন্ডস অফ জেনেসি ভ্যালি গ্রিনওয়েকে ধন্যবাদ জানাতে চাই নিউ ইয়র্ক স্টেটের সাথে কাজ করে এই প্রকল্পকে সম্ভব করার জন্য।"

**স্টেটের সিনেটর এডওয়ার্ড র‍্যাথ বলেন,** "সম্প্রদায়ে বিনিয়োগ হতে দেখা একটি দারুণ ব্যাপার। আমাদের বয়িষ্ণু অবকাঠামোর উন্নয়ন করা অতি গুরুত্বপূর্ণ এবং এটি জরুরি।"

**অ্যাসেম্বলি সদস্য হ্যারি ব্রনসন বলেন,** "সবুজ স্থান একটি সম্প্রদায়কে গঠন করে। আপস্টেট নিউ ইয়র্কবাসীরা চারটি ঋতুর প্রতিটি উপভোগ করে এবং এধরনের বিনিয়োগ আমাদের পরিবার ও শিশুদের সরাসরি সেবাদান করবে। ধন্যবাদ র‍্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন এবং ফেডারেল সরকারকে, এই সুন্দর প্রকল্পের অর্থায়নে নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্ব করার জন্য। সাইকেলচালক, দৌড়াতে, হাঁটতে আসা ও স্নোশু পরিহিত ব্যক্তিরা এবং আরো অনেকে আগামী বহু বছর ধরে আমাদের অঞ্চলে এই পথটি ব্যবহার করতে সক্ষম হবে।"

**অ্যাসেম্বলি সদস্য মার্জোরি বাইর্ন্স বলেন,** "গ্রিনওয়ে আমাদের অঞ্চলের অপূর্ব একটি সম্পদ। এটি ঘরের বাইরের স্বাস্থ্যকর বিনোদনের সেরা উদাহরণ। আমার কুকুর আর আমি প্রায়শই এই গ্রিনওয়েতে হাঁটি।এই উন্নয়নকাজগুলি নিশ্চিত করবে যাতে আগামী অনেক প্রজন্ম এই স্থানীয় সম্পদটি উপভোগ করতে পারে।"

**স্কটসভিল গ্রামের মেয়র ম্যাগি রিজ বলেন,** "এটি আমাকে সবসময় বিস্মিত করে যে সময়, শক্তি, আবেগ এবং কিছু তহবিল বিনিয়োগ করা হলে কী কী করা যেতে পারে। এই ট্রেইলটি স্কটসভিলের একটি সত্যিকারের রত্ন এবং আগামী বহু বছর ধরে তাই হয়ে থাকবে, প্রতিভাবান সেই সংস্থানগুলির কল্যাণে যা এটিকে বাস্তব করেছে।"

**ফ্রেন্ডস অফ জেনেসি ভ্যালি গ্রিনওয়ের প্রেসিডেন্ট জোয়ান শুমাকার বলেন,** "ফ্রেন্ডস অফ জেনেসি ভ্যালি গ্রিনওয়ে এই উন্নত ট্রেইলের ভূমি, অবকাঠামো উন্নয়ন এবং রূপান্তরকারী এই প্রকল্প দ্বারা করা উন্নয়নকাজগুলির জন্য গত 30 বছর ধরে অপেক্ষা করে ছিলো। আমরা ইতিমধ্যে দেখছি যে বর্ধিত সংখ্যক বেড়াতে আসা মানুষ ও স্থানীয় বাসিন্দারা নতুনভাবে উন্নত ট্রেইলটি ব্যবহার করছে এবং এর প্রশংসা করছে। আমরা আশা করছি যে এটি অব্যাহত থাকবে যেহেতু ট্রেইল ব্যবহারকারীরা এম্পায়ার স্টেট ট্রেইল এবং অন্যান্য এলাকার ট্রেইলের সাথে GVG স্টেট পার্কের সংযোগ সম্পর্কে জানতে পেরেছে। কাজটি ভালোভাবে শেষ করার জন্য সকলকে ধন্যবাদ।"

**নিউ ইয়র্ক পার্ক ও ট্রেইলের (Parks & Trails New York) গ্রিনওয়ে কর্মসূচির পরিচালক ডাইলান ক্যারি বলেন,** "এই রিসার্ফেসিং কাজ শেষ হওয়া জেনেসি ভ্যালি গ্রিনওয়ের 30 বছরের ইতিহাসের আরেকটি মাইলফলক, এবং এটি গ্রিনওয়েকে এম্পায়ার স্টেট ট্রেইল (Empire State Trail) এবং ছবির মতো সুন্দর জেনেসি ভ্যালি ট্রেইল টাউন (Genesee Valley Trail Town) সম্প্রদায়সমূহের মধ্যকার একটি অতি গুরুত্বপূর্ণ সংযোগ হিসেবে কাজ করে যেতে দিবে। আমরা OPRHP এবং র‍্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনকে ধন্যবাদ জানাচ্ছি নিউ ইয়র্কের গ্রিনওয়ে ট্রেইল নেটওয়ার্কে তাদের অব্যাহত বিনিয়োগের জন্য।"

সম্পূর্ণ, বহু ব্যবহারের ট্রেইলটি মনরো কাউন্টি থেকে ক্যাটারাগাস কাউন্টি পর্যন্ত 90 মাইল লম্বা। এটি জেনেসি ভ্যালি ক্যানাল (Genesee Valley Canal) এবং পেনিসিলভ্যানিয়া রেলরোড রচেস্টার

শাখার (Railroad Rochester Branch) রুটটি অনুসরণ করে, নিউ ইয়র্ক স্টেট একটি 6.25 মিলিয়ন মার্কিন ডলারের "জেনেসি ভ্যালি গ্রিনওয়ে ব্রিজেস অফ অ্যালেজেনি কাউন্টি (Genesee Valley Greenway Bridges of Allegany County)" প্রকল্প অগ্রসর করছে, যা অর্থায়িত হয়েছে র‍্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের অতিরিক্ত 1.25 মিলিয়ন মার্কিন ডলার অনুদান এবং একটি 5 মিলিয়ন মার্কিন ডলারের পরিবহন সহায়তা কর্মসূচি (Transportation Assistance Program) অনুদান দ্বারা। প্রকল্পে রয়েছে চারটি ব্রিজ নির্মাণ এবং সাতটি সম্প্রদায়কে সংযুক্ত করা ট্রেইলের জন্য 22 মাইল অব্যাহত ট্রেইল রুট প্রদান করতে রিসার্ফেসিং: পোর্টাজেভিল, রসবার্গ, ফিলমোর, হিউটন, ক্যানেডিয়া, ওরামেল, এবং বেলফাস্ট। পাশাপাশি, ট্রেইলের দক্ষিণ প্রান্তের একটি 17-মাইল প্রাক্তন রেল করিডোরের সাম্প্রতিক অধিগ্রহণ ট্রেইলের শূন্যস্থান পূরণের এবং আশেপাশের সম্প্রদায়ের সাথে অতি প্রয়োজনীয় সংযোগ স্থাপনের সুযোগ প্রদান করবে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টরিক প্রিজারভেশন (New York State Office of Parks, Recreation and Historic Preservation) 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ এবং আরো অনেক কিছুর দেখভালের দায়িত্বে রয়েছে যা দেখার জন্য 2020 সালে রেকর্ড সংখ্যক 78 মিলিয়ন মানুষের আনাগোনা ঘটেছিল। এই বিনোদন এলাকাগুলোর যে কোনোটি সংক্রান্ত আরো তথ্যের জন্য কল করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন www.parks.ny.gov, আমাদের সাথে সংযুক্ত হোন Facebook, অথবা আমাদের ফলো করুন Instagram, Twitter এ অথবা স্টেট পার্ক ব্লগে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418